

জ্ঞানানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
bpi.gov.bd

নং-২৮.০৪.০০০০.০০৩.১১.০০১.১৭-৪০২

তারিখ: ০১ অক্টোবর, ২০২০
১৬ আশ্বিন, ১৪২৭

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) কর্তৃক নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্তাদি পূরণ সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্র: নং	পদের নাম ও বেতন স্কেল (জা:বে: স্কেল ২০১৫ অনুযায়ী)	বয়স	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	পদের পার্শ্বে উল্লিখিত জেলার প্রার্থীগণের আবেদনের প্রয়োজন নাই।
১	২	৩	৪	৫	৬
১।	টেকনিশিয়ান (কম্পিউটার) (গ্রেড-১৪) ১০,২০০-২৪,৬৮০	৩০ বৎসর	১ (এক) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যান্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট হতে কম্পিউটার হার্ডওয়ার বা ইলেকট্রনিক্স বিষয়ে ডিপ্লোমাসহ কম্পিউটার বা পেরিফেরালস ইকুইপমেন্ট মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে অন্যান্য ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা; এবং (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা।	ময়মনসিংহ
২।	সহকারী (হিসাব) (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০	৩০ বৎসর	১ (এক) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যান্য দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) হিসাব কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে এবং (গ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা।	লক্ষ্মীপুর, পটুয়াখালী
৩।	সহকারী (লাইব্রেরী) (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০	৩০ বৎসর	১ (এক) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যান্য দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) গ্রন্থাগারের কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে এবং (গ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা।	লক্ষ্মীপুর, পটুয়াখালী

শর্তাবলী:-

- ১। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।
- ২। ২৫/০৩/২০২০ তারিখ আবেদনকারির বয়সসীমা গণ্য হবে।
- ৩। সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় তা প্রদর্শন করতে হবে।

৪। কোটার ক্ষেত্রে সরকারের সকল ও সর্বশেষ বিধি-বিধান প্রযোজ্য হবে।

৫। বিশেষ ক্ষেত্রে প্রার্থীদের (এতিমখানা নিবাসী, প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি) ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ের সনদপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে যুক্ত করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।

৬। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদনের যে কোন পর্যায়ে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

৭। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে ;

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র ;

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা বা ওয়ার্ডের বাসিন্দা সেই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র ;

(গ) জাতীয় পরিচয় পত্র/জন্মসনদ ;

(ঘ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক সর্বশেষ সিদ্ধান্ত অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যা হিসেবে চাকুরীর আবেদনপত্রের সঙ্গে তাদের পিতা/মাতার (প্রযোজ্য ক্ষেত্রে) সার্টিফিকেট যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতি-স্বাক্ষরিত হতে হবে;

(ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসাবে চাকুরি প্রার্থীকে তাদের পিতার মাতা/পিতা বা মাতার পিতা/মাতার (প্রযোজ্য ক্ষেত্রে) মুক্তিযোদ্ধার সনদপত্র দিতে হবে। আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এর পুত্র/কন্যার স্বপক্ষীয় প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র ওয়ার্ড কাউন্সিলর/সিটি কর্পোরেশন ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ দিতে হবে ;

(চ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার সকল প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র ;

(ছ) আনছার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের ক্ষেত্রে জেলা প্রশাসক/জেলা আনসার এডজুটেন্ট প্রদত্ত সনদপত্র ;

(জ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদ ;

(ঝ) প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার প্রমাণক এবং

(ঞ) Departmental Candidate -এর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের লিখিত অনাপত্তি ছাড়পত্র।

৮। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার ক্ষেত্রে কোন টিএ /ডিএ প্রদান করা হবে না।

৯। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.bpi.gov.bd অথবা বিপিআই.বাংলা ওয়েব সাইটে পাওয়া যাবে।

১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ কার্যক্রমের আংশিক/ সম্পূর্ণ পরিবর্তন/ বাতিল/ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে এবং এক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে বিভাগ / শ্রেণি সহ সমতুল্য জিপিএ প্রাপ্ত প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

১২। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১৩। একজন আবেদনকারী শুধুমাত্র একটি পদের বিপরীতে আবেদন করতে পারবেন।

১৪। লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ ডাকযোগে এবং BPI এর ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হবে।

১৫। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় মোবাইল ফোন বা অন্য কোন ইলেক্ট্রনিক ডিভাইস বহন করলে তাঁর প্রার্থীতা বাতিল করা হবে।

১৬। কোন প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭। আবেদনের প্রক্রিয়া ও সময়সীমা :

ক) আবেদনপত্র জমাদানের শুরুর তারিখ : ১৫/১০/২০২০ সকাল ১০.০০ ঘটিকা

খ) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: ১৬/১১/২০২০ বিকাল ০৫.০০ ঘটিকা

গ) আবেদনকারীর ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রজ্জিন ছবি আবেদনপত্রের সঙ্গে যুক্ত করতে হবে।


ঘ) বিজ্ঞাপনে উল্লিখিত সকল সনদপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে যুক্ত করতে হবে।

ঙ) প্রার্থীকে ১০০.০০ (একশত) টাকা ব্যাংক ড্রাফট/ডিডি এর মাধ্যমে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট বরাবরে জমাদান করে ব্যাংক ড্রাফট বা ডিডি এর মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করে পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট, প্লট- ৫এ, সেক্টর- ৮, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ বরাবর প্রেরণ করতে হবে।

চ) আবেদন করতে কোন সমস্যা হলে বিপিআই এর ই-মেইল training.bpi.gov.bd@gmail.com এ যোগাযোগ করা যাবে।

ছ) উপরে উল্লেখ করা হয়নি এরূপ কোনো বিষয়ের উদ্ভব হলে সেক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৮। নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের প্রয়োজনে ঢাকার বাহিরে চাকুরি করতে হবে।


(মাহবুবা ফারজানা)
পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)
ফোন : ৪১০৯০০৩৫